শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
দিরাই উপজেলা পরিষদ
সুনামগঞ্জ জেলা।

## ডিসেম্বর/২০২৩ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী (৫৫ তম সভা)

সভাপতি : জনাব মোঃ মঞ্জুর আলম চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
সভার তারিখ ও সময় : ১৪/১২/২০২৩, সকাল- ১০:০০ ঘটিকা।

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানানো হয়। সভাপতির অনুরোধক্রমে মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার সভার কাজ পরিচালনা করেন। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| (১) বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>**সিদ্ধান্ত :** বিগত সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। | মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| (২) বিগত মাসের উপজেলা পরিষদের আয়-ব্যয়ের হিসাব পর্যালোচনা : | মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই সভায় উপজেলা পরিষদের বিগত নভেম্বর/২০২৩ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী দাখিল করেন। দাখিলকৃত হিসাব বিবরণী নিম্নরূপ: | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |

| আয় | | | ব্যয় | | |
|---|---|---|---|---|---|
| ক্রঃনং | বিবরণ | টাকা | ক্রঃনং | বিবরণ | টাকা |
| ১ | প্রারম্ভিক জের | ৩১,৪৭,৯৪৭/৭০ | ১. | চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের অক্টোবর/২০২৩ মাসের সম্মানী ও বাড়ি ভাড়া | ৯৯,০০০/- |
| ২. | বাসা ভাড়া বাবদ প্রাপ্য | ৬৯,৩০০/- | ২. | অফিস সহায়কদ্বয়ের ও সুইপারের অক্টোবর /২০২৩ মাসের বেতন | ৩৬,৩০০/- |
| ৩. | সাব-রেজিষ্ট্রার হতে ১% | ১,৯৩,৫৮৯/৮৫ | ৩ | উপজেলা পরিষদের অক্টোবর/২০২৩ মাসের আনুষাঙ্গিক বিল প্রদান | ৫,০০০/- |
| ৪. | -- | -- | ৪. | উপজেলা পরিষদের অক্টোবর/২০২৩ মাসের আপ্যায়ন বিল প্রদান | ৩০,০০০/- |
| ৫ | -- | -- | ৫. | উপজেলা পরিষদের জীপ গাড়ির মেরামত বিল প্রদান | ১১,০০০/- |
| ৬. | -- | -- | ৬. | উপজেলা পরিষদের জীপ গাড়ির অক্টোবর ও নভেম্বর/২৩ মাসের জ্বালানী বিল প্রদান | ৩৪,৬৭৯/- |
| ৭. | -- | -- | ৭. | ঐ দুই বিলের ভ্যাট বাবদ প্রদান | ৩,৮৭৫/- |
| ৮ | -- | -- | ৮. | অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থদেও (০৯জনের) মাঝে অনুদান প্রদান বাবদ | ৭০,০০০/- |
| ৯ | -- | -- | ৯ | উপজেলা পরিষদের ০২জন কর্মচারির সিপিএফ এর চাঁদা প্রদান | ৩,৬৪৮/- |
| ১০. | -- | -- | ১০. | উপজেলা পরিষদেও অফিস ভবন মেরামত ও সংস্কার কাজের ১ম কিস্তির বিল বাবদ প্রদান | ১,৫৬,৫০০/- |
| ১১ | -- | -- | ১১. | উপজেলা পরিষদের জন্য ০১টি চেয়ার ক্রয় ও ইলেকট্রিক মেরামত বিল বাবদ প্রদান | ২৯,০০০/- |
| ১২ | | | ১২. | জনাব হাসিরুল ইসলাম, | ৫,০০,০০০/- |

| | | | | |
|---|---|---|---|---|
| | – | | উপসহকারী প্রকৌশলী, এলজিইডি (হিলিপ), দিরাইকে উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবন মেরামত ও সংস্কার কাজের জন্য ধার বাবদ প্রদান | |
| | | | নভেম্বর/২০২৩ মাসের মোট ব্যয়- | ৯,৭৯,০০২/- |
| নভেম্বর/২৩ মাসের আয়- | | ২,৬২,৮৮৯/৮৫ | সর্বমোট ব্যয়- | ৯,৭৯,০০২/- |
| সর্বমোট আয়- | | ৩৪,১০,৮৩৭/৫৫ | | |
| সমাপনী স্থিতি- ২৪,৩১,৮৩৫/৫৫ | | | | |

| | | |
|---|---|---|
| | উপস্থাপিত হিসাব বিবরণী অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভার দৃষ্টি আকর্ষন করেন। বিষয়টি সম্পর্কে সভায় বিস্তারিত আলেচনা করা হয়।<br>সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদের বিগত মাসের দাখিলকৃত আয়-ব্যয়ের হিসাব বিবরণী সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | |
| স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, দিরাই সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা গেল না। পরবর্তী সভায় তার বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদনসহ সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, দিরাই'কে অনুরোধ জানান।<br>সিদ্ধান্ত ঃ বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদনসহ আগামী সভায় আবশ্যিকভাবে উপস্থিত থাকার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দিরাই |
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার, দিরাই তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন চলতি বোর মৌসুমে হাইব্রিড বীজ ও সার কৃষকদের মাঝে বিতরণ করা হয়েছে। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই সকলের দৃষ্টি আকর্ষণ করে জানান সার ডিলারগণ যেন পৌর শহরে বসে সার বিক্রিয় না করেন। যে ডিলার যে ইউনিয়নের দায়িত্বে রয়েছেন সেই ইউনিয়নে সার পৌছেদেন সেই ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসার, দিরাইকে অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>সিদ্ধান্ত ঃ বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা কৃষি অফিসার 'কে অনুরোধ জানানো হয়। সেই সাথে সার ডিলারগণ যেন তাদের নির্ধারিত ইউনিয়নে সার নিয়ে বিক্রয় করেন সেই ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসার 'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি অফিসার, দিরাই |
| প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, দিরাই সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা গেল না। পরবর্তী সভায় তার বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদনসহ সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ জানান।<br>সিদ্ধান্ত ঃ বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদনসহ আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা দিরাই |
| মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, দিরাই তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। উপজেলা মৎস্য অফিসের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। অবৈধ পন্থায় যে সকল ব্যক্তি সাধু পানির মাছ নিধনে কাজ করছে তাদের আইনের আওতায় আনার জন্য উপজেলা নির্বাহী অফিসার এবং সহকারী কমিশনার (ভূমি), দিরাই এঁর সহযোগিতায় মোবাইল কোর্ট চালু আছে মর্মে সভায় জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>সিদ্ধান্ত ঃ বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, দিরাই অনুরোধ জানানো হয়। সেই সাথে সাধু পানির মাছ নিধন বন্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার এবং সহকারী কমিশনার (ভূমি), দিরাই এঁর সহযোগিতায় মোবাইল কোর্ট পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, দিরাই অনুরোধ জানানো হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, দিরাই |
| পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দিরাই সভায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তরের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সিদ্ধান্ত ঃ বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা দিরাই |
| উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী (এলজিইডি), দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি জানান, তার বিভাগীয় কার্যক্রমসহ সকল উন্নয়ন কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান, চলতি অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) ও উপজেলা উন্নয়ন তহবিল (ইউডিএফ) এর টেন্ডার কার্যক্রম শেষ হয়েছে ঠিকাদার নির্বাচন করা হয়েছে কাজ দ্রুত সময়ে বাস্তবায়ন করা হবে। তিনি আরও জানান, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)'র অর্থায়নের ৬ষ্ঠ পর্যায়ে প্রাপ্ত বরাদ্দ হতে "উপজেলার বিভিন্ন প্রাথমিক, মাধ্যমিক ও মাদ্রাসায় উঁচু-নিচু বেঞ্চ সরবরাহ" প্রকল্পের ঠিকাদার কর্তৃক চলতি মাসে সমুদয় বেঞ্চ সরবরাহ করা হবে। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও |



Scanned With Scanner App Lite

| | | |
|---|---|---|
| | লজিক প্রকল্প কর্তৃক বাস্তবায়িত সকল প্রকল্পের কাজ চলমান রয়েছে। এছারাও (ক) উপজেলা পরিষদের অভ্যন্তরে উপজেলা পরিষদের মালিকানাধিন উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন জরুরী ভিত্তিতে মেরামত ও সংস্কার কাজের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে সম্ভাব্য- ১১.৯২ (এগারো লক্ষ বিরানব্বই হাজার) টাকা (খ) উপজেলা পরিষদের মালিকানাধিন উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে ০১টি, উপজেলা পরিষদের অফিসে ০১টি, উপজেলা পরিষদের প্রশাসনিক ভবনে ০১টি এবং রজনীগন্ধা ভবনে ০১টি সহ মোট- ০৪(চার)টি সাবমার্সেবল পাম্প, ২টি পানির ট্যাংকিসহ নলকূপ এবং সেমিপাকা ভবনের সামনের ০১টি গভির নলকূপ স্থাপনের সম্ভাব্য ব্যয় বাবদ- ১১.০০ (এগারো) লক্ষ টাকাসহ ০২(দুই) প্রকল্পের মোট- ২২.৯২ (বাইশ লক্ষ বিরানব্বই হাজার) টাকা ব্যয়ের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ জানান। তিনি আরও জানান, উপজেলা পরিষদের মালিকানাধিন রজনীগন্ধা ভবনের পানির পাম্প এবং লাইন মেরামত বাবদ- ৭,০০০/- (সাত হাজার) টাকা ব্যয় হয়েছে, যা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় অনুরোধ জানান। এছাড়াও উপজেলা পরিষদের মালিকানাধিন রজনীগন্ধা ভবনের সামনে ০১টি রেন্ট্রি জাতীয় গাছ কাটার সভার দৃষ্টি আকর্ষণ করেন। গাছটির জন্য উপজেলা পরিষদের মূলভবন ও অডিটোরিয়াম ভবন তৈরির কাজে সমস্যার সৃষ্টি করছে। নতুন ভবন তৈরির স্বার্থে গাছটি কর্তনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। বিষয়গুলো নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>**সিদ্ধান্ত** : উপজেলা পরিষদের চলতি অর্থ বছরের সকল উন্নয়ন কাজ যথাযথভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা প্রকৌশলী'কে অনুরোধ জানানো হয়। সেই সাথে (ক) উপজেলা পরিষদের অভ্যন্তরে উপজেলা পরিষদের মালিকানাধিন উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন জরুরী ভিত্তিতে মেরামত ও সংস্কার কাজের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে- ১১.৯২ (এগারো লক্ষ বিরানব্বই হাজার) টাকা এবং (খ) উপজেলা পরিষদের মালিকানাধিন উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে ০১টি, উপজেলা পরিষদের অফিসে ০১টি, উপজেলা পরিষদের প্রশাসনিক ভবনে ০১টি এবং রজনীগন্ধা ভবনে ০১টি সহ মোট- ০৪(চার)টি সাবমার্সেবল পাম্প, ০২(দুই)টি পানির ট্যাংকিসহ নলকূপ এবং সেমিপাকা ভবনের সামনের ০১টি গভির নলকূপ স্থাপনের সম্ভাব্য ব্যয় বাবদ- ১১.০০ (এগারো) লক্ষ টাকাসহ ০২(দুই) প্রকল্পের মোট- ২২.৯২ (বাইশ লক্ষ বিরানব্বই হাজার) টাকার প্রকল্প অনুমোদনের লক্ষ্যে প্রস্তাবনা মন্ত্রণালয়ে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এবং (গ) উপজেলা পরিষদের রজনীগন্ধা ভবনের পানির পাম্প ও লাইন মেরামত বাবদ ব্যয়িত- ৭,০০০/- (সাত হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও উপজেলা পরিষদের মালিকানাধিন রজনীগন্ধা ভবনের সামনে ০১টি রেন্ট্রি জাতীয় গাছটি উপজেলা পরিষদের মূলভবন ও অডিটোরিয়াম ভবন তৈরির জন্য জনস্বার্থে কর্তনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, দিরাই/ উপজেলা প্রকৌশলী, দিরাই। |
| শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার, দিরাই সভায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন আগামী ১লা জানুয়ারি ২০২৪ দেশব্যাপী বই বিতরণ উৎসব অনুষ্ঠিত হবে। উক্ত অনুষ্ঠানে উপস্থিত সকলকে সহযোগিতা করার জন্য অনুরোধ জানান। এছাড়াও উপজেলা শিক্ষা অফিসের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>**সিদ্ধান্ত** : বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা শিক্ষা অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা শিক্ষা অফিসার, দিরাই |
| সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, দিরাই সভায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন উপজেলা সমাজসেবা দপ্তরের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>**সিদ্ধান্ত** : বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, দিরাই |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার দিরাই সভায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তরের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>**সিদ্ধান্ত** : বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিরাই |
| পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা দিরাই, সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা গেল না। পরবর্তী সভায় বিস্তারিত প্রতিবেদনসহ উপস্থিত থাকার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা দিরাই'কে অনুরোধ জাননো হয়।<br>**সিদ্ধান্ত** : বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদনসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দিরাই |
| যুব উন্নয়ন বিভাগ | সহকারী উপজেলা যুব উন্নয়ন অফিসার দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করেন। তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন।<br>**সিদ্ধান্ত** : বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার দিরাই |



Scanned With Scanner App Lite

| | | |
|---|---|---|
| প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দিরাই সভায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তরের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। অতিদরিদ্রদের জন্য শীতবস্ত্র আসছে তা দ্রুত সময়ের মধ্যে বিতরণ করে মাস্টাররোল জমা প্রদানের জন্য সকল ইউ/পি চেয়ারম্যানকে অনুরোধ জানান। সেই সাথে শীতবস্ত্র বিতরণকালে ৬০উর্ধ্ব ব্যক্তিদের এবং মহিলাদের প্রাধান্য দেওয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্র[illegible] বাস্তবায়ন অফিসার, দির[illegible] |
| সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার, দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন উপজেলা সমবায় বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠভাবে চলছে।<br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমবায় অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা সমবায় অফিসার, দিরাই |
| মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন উপজেলা মহিলা বিষয়ক বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠভাবে চলছে।<br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিরাই |
| জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠভাবে চলছে।<br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দিরাই |
| বন বিভাগ | উপজেলা ফরেষ্টার/ডেপুটি রেঞ্জার, দিরাই অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় কোন আলোচনা করা গেল না। পরবর্তী সভায় বিস্তারিত প্রতিবেদনসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ জাননো হয়।<br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত প্রতিবেদনসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা ফরেষ্টার/ডেপুটি রেঞ্জার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা ফরেষ্টার/ডেপুটি রেঞ্জার, দিরাই |
| সহকারী কমিশনার (ভূমি) | সহকারী কমিশনার (ভূমি), দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন যখন কোন চেয়ারম্যান মহোদয়গণ উত্তরাধিকার সনদপত্র দিবেন তখন যেন সঠিকভাবে তথ্য উপাত্তের ভিত্তিতে সনদপত্র প্রদান করেন। তাহলে নামজারি সহ সকল কাজ করতে সহজ হবে। এছাড়া সহকারী কমিশনার (ভূমি), দিরাই এর বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।<br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী কমিশনার (ভূমি), দিরাই'কে অনুরোধ জানানো হয়। | সহকারী কমিশনার (ভূমি) |
| খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক দিরাই, সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন চলতি মৌসুমে অভ্যন্তরীণ আমন ধান চাল সংগ্রহের জন্য ধান ৭৯.০০ মেঃটন ৩০/- টাকা দরে, সিদ্ধ চাল ৪৯.০০ মেঃটন ৪৪/- টাকা দরে, আতপ চাল ১৫২১.০০ মেঃটন ৪৩/- টাকা দরে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এছাড়াও ওমমএস(টিসিবি)খাতে উপজেলায় মোট ১৪,৭৯১টি কার্ডের মাধ্যমে প্রতিমাসে ৫কেজি হারে ৭৩.৯৫৫ মেঃটন চাল বিতরণ চলমান আছে। এছাড়াও উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দিরাই এর বিভাগীয় সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।<br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দিরাইকে অনুরোধ জানানো হয়। | উপজেলা খাদ্যনিয়ন্ত্রক, দিরাই |
| বিএডিসি (সেচ) | সহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ), দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন বিএডিসি (সেচ), দিরাই এর বিভাগীয় সকল কার্যক্রম সুষ্ঠভাবে চলছে।<br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী প্রকৌশলী বিএডিসি (সেচ), দিরাইকে অনুরোধ জানানো হয়। | সহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ) দিরাই |
| বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | উপসহকারী প্রকৌশলী ও শাখা কর্মকর্তা, দিরাই অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা গেল না। পরবর্তী সভায় বিস্তারিত প্রতিবেদনসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ জাননো হয়।<br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদনসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপসহকারী প্রকৌশলী ও শাখা কর্মকর্তা, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপসহকারী প্রকৌশলী ও শাখা কর্মকর্তা, দিরাই |
| তথ্যসেবা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), তথ্যকেন্দ্র দিরাই তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন তার দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠভাবে চলছে।<br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তথ্যসেবা কর্মকর্তা, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), তথ্যকেন্দ্র দিরাই |



Scanned With Scanner App Lite

'শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি'

| | | |
|---|---|---|
| | (ক) মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই সভায় জানান, তাঁর অফিস ভবনে, বাসভবনে এবং চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই এঁর অফিস ভবনের জন্য বিভিন্ন সময়ে সিসি ক্যামেরা স্থাপন করা হয়েছে এবং বিভিন্ন সময়ে বিল দাখিল করা হয়েছে। যেহেতু জরুরী ভিত্তিতে নিরাপত্তার স্বার্থে সিসি ক্যামেরাগুলো স্থাপন করা হয়েছে। সেহেতু উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উক্ত বিল পরিশোধের জন্য সভায় অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>**সিদ্ধান্ত ঃ** উপজেলা নির্বাহী অফিসার এঁর অফিস ভবনে, বাসভবনে এবং চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই এঁর অফিস ভবনে জরুরী ভিত্তিতে নিরাপত্তার স্বার্থে স্থাপিত সিসি ক্যামেরার বিভিন্ন সময়ে দাখিলকৃত বিল বাবদ সর্বমোট- ১,১৯,২০০/- (এক লক্ষ উনিশ হাজার দুইশত) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান,<br>উপজেলা পরিষদ,<br>দিরাই/<br>মুখ্য নির্বাহী কর্মকর্তা<br>ও<br>উপজেলা নির্বাহী<br>অফিসার, দিরাই |
| | (খ) মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই সভায় জানান, মহান বিজয় দিবস ২০২৩ উদ্‌যাপন উপলক্ষ্যে সকলকে আন্তরিক সহযোগিতা করার জন্য অনুরোধ জানান এবং উক্ত অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য কর্মকর্তা/কর্মচারিসহ উপস্থিত সকলকে অনুরোধ জানান। সেই সাথে তিনি আরও জানান উক্ত দিবস উদ্‌যাপনের জন্য সরকারি যে বরাদ্দ প্রদান করা হয় তা প্রয়োজনের তুলনায় অপ্রতুল। কাজেই উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে আর্থিক সহযোগিতা বাবদ- ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা বরাদ্দ প্রদানের জন্য সভায় অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>**সিদ্ধান্ত ঃ** মহান বিজয় দিবস ২০২৩ যথাযথভাবে উদ্‌যাপনের লক্ষ্যে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে আর্থিক সহযোগিতা বাবদ- ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা বরাদ্দ প্রদানের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান,<br>উপজেলা পরিষদ,<br>দিরাই/<br>মুখ্য নির্বাহী কর্মকর্তা<br>ও<br>উপজেলা নির্বাহী<br>অফিসার, দিরাই |
| | (গ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই সভায় জানান, উপজেলা পরিষদে ক্যাম্পাসের সকল ড্রেন ও আঙ্গিনার ময়লা/আগাছা পরিষ্কার-পরিচ্ছন্নের কাজ করানো বাবদ- ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা মাত্র ব্যয় হয়েছে। ব্যয়িত টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>**সিদ্ধান্ত ঃ** উপজেলা পরিষদে ক্যাম্পাসের সকল ড্রেন ও আঙ্গিনার ময়লা/আগাছা পরিষ্কার-পরিচ্ছন্নের কাজ করানো বাবদ ব্যয়িত- ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান,<br>উপজেলা পরিষদ,<br>দিরাই/<br>মুখ্য নির্বাহী কর্মকর্তা<br>ও<br>উপজেলা নির্বাহী<br>অফিসার, দিরাই |
| | (ঘ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই সভায় জানান, উপজেলা পরিষদের জন্য ০১টি কম্পিউটার মনিটর এবং ০১টি ইউপিএস ক্রয় বাবদ- ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা ব্যয় হয়েছে। ব্যয়িত টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় অনুরোধ জানানো হয়। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>**সিদ্ধান্ত ঃ** উপজেলা পরিষদ, দিরাই এর জন্য ০১টি কম্পিউটার মনিটর এবং ০১টি ইউপিএস ক্রয় বাবদ ব্যয়িত- ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান,<br>উপজেলা পরিষদ,<br>দিরাই/<br>মুখ্য নির্বাহী কর্মকর্তা<br>ও<br>উপজেলা নির্বাহী<br>অফিসার, দিরাই |
| | (ঙ) উপজেলা প্রকৌশলী, দিরাই সভায় জানান, উপজেলাধিন জগদল ইউনিয়ন পরিষদের ভবনটিতে ২০২২ সনের ভয়াবহ বন্যায় আশে পাশের স্থানীয় লোকজন এবং গবাদিপশুর আশ্রয়গ্রহণকরে ভবনটিতে দীর্ঘদিন অবস্থান করায় রং, দরজা, জানালা, স্যানিটারি ফিটিংস ক্ষতিগ্রস্থ হওয়ায় মেরামত করা প্রয়োজন। কাজেই "জগদল ইউনিয়ন পরিষদ ভবন মেরামত" বাবদ- ১০.০০ (দশ) লক্ষ টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যা অত্র সভায় অনুমোদনক্রমে বরাদ্দের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য সভায় অনুরোধ জানানা। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>**সিদ্ধান্ত ঃ** "জগদল ইউনিয়ন পরিষদ ভবন মেরামত" কাজের দাখিলকৃত প্রাক্কলনটি সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়; যা সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রেরণের জন্য উপজেলা প্রকৌশলী, দিরাইকে অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান,<br>উপজেলা পরিষদ,<br>দিরাই/<br>মুখ্য নির্বাহী কর্মকর্তা<br>ও<br>উপজেলা নির্বাহী<br>অফিসার, দিরাই |
| | (চ) ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই সভায় জানান, ধল বাজার ও চরনারচর বাজারের ফিস সেড নির্মাণ করা খুবই জরুরী। ধল বাজার ও চরনারচর বাজারের ফিস সেড নির্মাণের টেন্ডার প্রক্রিয়া করার জন্য উপজেলা প্রকৌশলী, দিরাইকে অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>**সিদ্ধান্ত ঃ** ধল বাজার ও চরনারচর বাজারের ফিস সেড নির্মাণের টেন্ডার প্রক্রিয়া করার জন্য উপজেলা প্রকৌশলী, দিরাইকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী,<br>দিরাই |
| | (ছ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই সভায় জানান, উপজেলা পরিষদের মালিকানাধিন প্রশাসনিক ভবনে এবং চেয়ারম্যান মহোদয়ের অফিস ভবনের নিরাপত্তার স্বার্থে ০৫টি ফ্লাড লাইট এবং বৈদ্যুতিক নতুন লাইন স্থাপন কাজে মোট- ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা ব্যয় হয়েছে। দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের ভোটগ্রহণের সমুদয় মালামাল উপজেলা পরিষদ গণমিলনায়তনে রাখা হবে। উক্ত গণমিলনায়তনের নিরাপত্তার স্বার্থে সিসি ক্যামেরা এবং বিভিন্ন স্থানের আলোর স্বল্পতা দূরিকরণের জন্য লাইট স্থাপন করা প্রয়োজন। উপরোক্ত সিসি ক্যামেরা এবং লাইট স্থাপনের কাজে সর্বমোট- ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা ব্যয় হবে। সমুদয় ব্যয়িত টাকা | চেয়ারম্যান,<br>উপজেলা পরিষদ,<br>দিরাই/<br>মুখ্য নির্বাহী কর্মকর্তা<br>ও<br>উপজেলা নির্বাহী |



Scanned With Scanner App Lite

| | | |
|---|---|---|
| | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য সভায় অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>**সিদ্ধান্ত।** উপজেলা পরিষদের মালিকানাধীন প্রশাসনিক ভবনে এবং চেয়ারম্যান মহোদয়ের অফিস ভবনের নিরাপত্তার স্বার্থে ০৫টি ফ্লাড লাইট এবং বৈদ্যুতিক নতুন লাইন স্থাপন কাজে বাবদ মোট- ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা এবং দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের ভোটকেন্দ্রের সমূহ মালামাল রাখার স্থানে সিসি ক্যামেরা স্থাপন ও লাইট স্থাপনের কাজে সর্বমোট- ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার, ... |
| | (ত) উপজেলা প্রকৌশলী, দিরাই সভায় জানান, উপজেলা পরিষদের মালিকানাধীন ভবনের জন্য ০২টি পানির পাম্পক্রয় এবং অন্যান্য মালামালক্রয় বাবদ- ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা ব্যয় হয়েছে। বর্ণিত টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় অনুরোধ জানান।<br>**সিদ্ধান্ত।** উপজেলা পরিষদের মালিকানাধীন ভবনের জন্য ০২টি পানির পাম্পক্রয় এবং অন্যান্য মালামালক্রয় বাবদ বর্ণিত- ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ মঞ্জুর আলম চৌধুরী)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, দিরাই
সুনামগঞ্জ।

স্মারক নং- ০৫.৬০.৯০২৯.০০০.১০.০০১.১২-৫৪(৫০)

তারিখ : ১৪/১২/২০২৩

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো।

০১। মাননীয় সংসদ সদস্য, সুনামগঞ্জ-২
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট
০৪। জেলা প্রশাসক, সুনামগঞ্জ
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ
০৬। মেয়র, দিরাই পৌরসভা
০৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই, সুনামগঞ্জ
০৮। উপজেলা ---------------------------------------- অফিসার (সংশ্লিষ্ট সকল), দিরাই
০৯। চেয়ারম্যান---------------------------------------- ইউ/পি (সকল), দিরাই
১০। অফিস নথি/মাস্টার ফাইল।

(মোঃ মাহমুদুর রহমান খোন্দকার)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, দিরাই
ও
উপজেলা নির্বাহী অফিসার
দিরাই, সুনামগঞ্জ।



Scanned With Scanner App Lite